

ADD (১০০০)
১০/১২/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১০/১২/২১
১০/১২/২১
১০/১২/২১
তারিখ : ১০/১২/২১
১০/১২/২১

নং ১২.০০.০০০০.০৩০.৪০.১৮৭.১৮-৩৩৮

তারিখ : ১০/১২/২১
১০/১২/২১

বিষয় : সারের মনিটরিং কার্যক্রম জোরদার করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনগণের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে কৃষি পণ্যের যথাযথ উৎপাদন অব্যাহত রাখার কোন বিকল্প নেই। কৃষি পণ্য উৎপাদনের ক্ষেত্রে সার একটি অপরিহার্য উপাদান। কৃষকদের মাঝে সুষ্ঠুভাবে সার সরবরাহের জন্য নির্ধারিত মূল্যের অনেক কম মূল্যে সরকার মনোনীত ডিলার কর্তৃক কৃষকের নিকট সার বিক্রয় করা হয়ে থাকে। সুষ্ঠুভাবে সারা দেশে সার সরবরাহের জন্য প্রতিটি জেলার মাসের চাহিদার ইউরিয়া সার বিসিআইসি হতে এবং টিএসপি, ডিএপি এবং এমওপি সার কৃষি মন্ত্রণালয় হতে নিয়মিতভাবে বরাদ্দ প্রদান করা হয়। বিগত কয়েক বছরের তুলনায় চলতি ২০২১-২২ অর্থ বছরে পর্যাপ্ত পরিমাণ সারের বরাদ্দ প্রদান সত্ত্বেও কোন কোন পত্রিকায় কৃত্রিম সার সংকটসহ নানা গুজব এবং বিভ্রান্তিকর প্রচারণা হচ্ছে। দেশে কৃষি জমির পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি না পেলেও সারের বরাদ্দ গত বছরের তুলনায় বেশি প্রদান করা হয়েছে। তাই কেউ কৃত্রিমভাবে সার সংকটের অপপ্রয়াস চালালে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ সারের মনিটরিং কার্যক্রম আরও জোরদার করা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, জেলা/উপজেলার জন্য বরাদ্দকৃত সার ডিলার কর্তৃক উত্তোলন নিশ্চিত করা সহ সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয়ের বিষয়ে কঠোর নজরদারির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০/১২/২১

(শেখ বাদিউল আলম)

উপ-প্রধান

ফোনঃ ৯৫৪০৬০৬

ই-মেইল : alam.badiul@gmail.com

বিতরণ :

১। জেলা প্রশাসক, ----- (সকল)।

২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- (সকল)।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে

ঃ মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ১২.১৭.৭২৭৪.০৪১.৪০.১০২.২০- ১৮৩২ (১৫)

তারিখঃ ... ১০/১২/২১ খ্রি.

উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী ও নির্দেশ মোতাবেক সুষ্ঠু সার ব্যবস্থাপনা কার্যক্রম মনিটরিং জোরদার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

১. উপজেলা কৃষি অফিসার, ----- (সকল) উপজেলা, নেত্রকোণা।

উপ-পরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, নেত্রকোণা

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশিক্ষণ অফিসার, ডিএই, নেত্রকোণা।